

কঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি ২০১০ সালের এসএসসি পরীক্ষাতেই বহাল রাখতে হবে প্রগতিশীল ছাত্র-শিক্ষক-অভিভাবক ফোরাম

সিদ্ধান্ত রিপোর্টার : কঠামোবদ্ধ প্রশ্নপদ্ধতি, ২০১০ সালের এসএসসি পরীক্ষাতেই বহাল রাখার দাবী জানিয়েছে প্রগতিশীল শিক্ষক-ছাত্র-অভিভাবক ফোরাম। সেই সঙ্গে সকল স্তরের নবম শ্রেণীর প্রথম সাময়িক পরীক্ষায় কঠামোবদ্ধ পদ্ধতি প্রণয়নের নির্দেশ অবিলম্বে কার্যকর ও অব্যাহত রাখারও দাবী জানানো হয়েছে। দাবীসমূহ আপাতী সত্ত্বাহের মধ্যে পূরণ করা না হলে ফোরামের পক্ষ থেকে ঢাকাতে সারাদেশে বৃহত্তর আন্দোলন কর্মসূচী ঘোষণা করা হবে। গতকাল (বুধবার) ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে ফোরাম আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানানো হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ফোরামের আহ্বায়ক ড. সদরুল আমিন। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রোতা সমিতির

সভাপতি মোঃ আবু তাহের, ঢাকা পাবলিক স্কুল এন্ড কলেজের শিক্ষক সৈয়দ মাহফুজ আম হোসাইন প্রমুখ। সংবাদ সম্মেলনে ঘোষিত কর্মসূচীর মধ্যে রয়েছে শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকের অংশগ্রহণে পেশয়্যাপী মানববন্ধন, সারাদেশের সকল স্তরে এ মাসে অনুষ্ঠিতব্য নবম শ্রেণীর প্রথম সাময়িক পরীক্ষা ব্যকট সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ, সারাদেশে স্তরে স্তরে অনির্দিষ্টকালের জন্য নবম শ্রেণীর ক্লাস বর্জন সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ, জেলায় জেলায় শিক্ষার্থী-শিক্ষক-অভিভাবক কর্তৃক আর্থিক এবং মানসিক ক্ষতিপূরণ মামলা দায়ের সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ।

সংবাদ সম্মেলনে বলা হয়, ২০১০ সাল থেকে কঠামোবদ্ধ প্রশ্নপত্র চালুর দাবীতে প্রগতিশীল শিক্ষক-ছাত্র-অভিভাবক ফোরাম ইতোমধ্যে মানববন্ধন কর্মসূচী, মতবিনিময়, বিশেষজ্ঞদের নিয়ে আলোচনা সভা, পোলটেবিল বৈঠকসহ নানা কর্মসূচী পালন করেছে।